

## প্রেস রিলিজ

উচ্চ পর্যায়ের প্রজেক্ট মনিটরিং কমিটি এর ৩য় সভা, তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২৩

ভারতীয় নমনীয় ঋণ (এলওসি) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহ পর্যালোচনার লক্ষ্যে ভারত-বাংলাদেশ দ্বিপাক্ষিক উচ্চ পর্যায়ের প্রজেক্ট মনিটরিং কমিটির ৩য় সভা ১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যৌথভাবে সভাপতিত্ব করেন মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং ঢাকাস্থ ভারতীয় হাই কমিশনের মান্যবর হাই কমিশনার শ্রী প্রণয় ভার্মা। ভারত সরকারের বিশেষ সচিব (ইআর এন্ড ডিপিএ) জনাব প্রভাত কুমারের নেতৃত্বে ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি প্রতিনিধিদলও এই সভায় উপস্থিত ছিলেন। সভায় বাংলাদেশের প্রতিনিধিদলে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, অর্থ বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে কর্মকর্তাগণ এবং ভারতীয় পক্ষে ঢাকাস্থ ভারতীয় হাই কমিশন, ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও এক্সিম ব্যাংক, ভারত এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের বন্ধুত্বপূর্ণ সহায়তার কথা উল্লেখ করে বলেন ভারত বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী। ৩ টি এলওসি ঋণচুক্তি স্বাক্ষরের মধ্য দিয়ে এই উন্নয়ন সহায়তা আরও বেগবান হয়েছে। এলওসি'র আওতায় গৃহীত প্রকল্পসমূহের সফল বাস্তবায়ন বাংলাদেশ ও ভারতের মধ্যকার সম্পর্ককে ভবিষ্যতে আরও জোরদার করবে। ঢাকাস্থ ভারতীয় হাই কমিশনার তাঁর বক্তব্যে বলেন যে, আমাদের দুই দেশ ও জাতির সমৃদ্ধি ও মজল আন্তঃসম্পর্কিত এবং এটি ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় আমাদের যৌথ ত্যাগের মধ্য দিয়ে জন্ম নেয়া সুগভীর বন্ধুত্বের অন্যতম উজ্জ্বল বহিঃপ্রকাশ।

সভায় এলওসি এর আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন প্রক্রিয়া সহজীকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ কর্মসূচীর আওতায় ভারত কর্তৃক সর্বমোট ৭.৩৬২ বিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন সহযোগিতা প্রদানে প্রতিশ্রুতি দেয়া হয়েছে। ইতোমধ্যে প্রায় ২ বিলিয়ন মার্কিন ডলারের বাণিজ্যিক চুক্তি সম্পন্ন করা হয়েছে এবং প্রায় ১.৩৪৪ বিলিয়ন মার্কিন ডলার ছাড় হয়েছে। এমনকি করোনা মহামারির মধ্যেও এলওসি'র আওতায় গৃহীত প্রকল্পসমূহের বিপরীতে অর্থ ছাড়ের হার বাংলাদেশের অন্যান্য উন্নয়ন সহযোগীর তুলনায় অধিক ছিল। প্রকল্পসমূহ বাস্তবায়নে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হওয়ায় উভয়পক্ষ সন্তোষ প্রকাশ করে।